৩১ ডিসেম্বর, ২০২৫

# সংসদ ভবন এলাকায় খালেদা জিয়ার জানাজায় অংশ নিতে জনতার ঢল



সংগৃহীত ছবি

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার জানাজায় অংশ নিতে বুধবার (৩১ ডিসেম্বর) সকাল থেকেই রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউ এলাকায় মানুষের ব্যাপক সমাগম লক্ষ্য করা গেছে। শোকাহত মানুষের ঢল নামে জাতীয় সংসদ ভবন সংলগ্ন পুরো এলাকায়।

দেশের বিভিন্ন জেলা থেকে আগত মানুষ প্রিয় নেত্রীকে শেষ শ্রদ্ধা জানাতে ছুটে আসছেন। উপস্থিত সবার চোখেমুখে স্পষ্ট একজন আপসহীন ও প্রভাবশালী রাজনৈতিক ব্যক্তিত্বকে হারানোর গভীর বেদনা। সকাল সাড়ে ১১টার দিকে দেখা যায়, জানাজা শুরুর এখনও প্রায় আড়াই ঘণ্টা বাকি থাকলেও সংসদ ভবনের আশপাশে ইতোমধ্যে হাজার হাজার মানুষ অবস্থান নিয়েছেন। সময় গড়ানোর সঙ্গে সঙ্গে জনসমাগম আরও বাড়তে থাকে।

সাধারণ মানুষ ও দলীয় নেতাকর্মীদের চাপ সামাল দিতে এবং জানাজা কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজার প্রবেশপথ খুলে দেওয়া হয়। গেট খোলার পরপরই বিপুলসংখ্যক মানুষ ভেতরে প্রবেশ করেন। জানাজার জন্য দক্ষিণ প্লাজা এলাকার দুটি বড় মাঠ প্রস্তুত ও উন্মুক্ত করা হয়েছে।

নির্ধারিত সূচি অনুযায়ী, দুপুর ২টায় মানিক মিয়া অ্যাভিনিউয়ে বেগম খালেদা জিয়ার জানাজা অনুষ্ঠিত হবে। এর আগে বাংলাদেশের জাতীয় পতাকায় মোড়ানো মরদেহবাহী গাড়িটি জানাজার স্থানের উদ্দেশে রওয়ানা দেয়। বুধবার বেলা ১১টার দিকে গুলশানে তারেক রহমানের বাসা থেকে খালেদা জিয়ার মরদেহ বহনকারী গাড়িটি বের হয়।